গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৩তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৪/০২/২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : স্ব স্ব অবস্থান (জুম অ্যাপস) |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ফেব্রুয়ারি ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৩তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ : মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ : উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নিবর্হী অফিসার ও মূখ্য নিবর্হী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের জানুয়ারি-২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**জানুয়ারি ২০২২ আয় অংশ :**<br>ক) অবশিষ্ট স্থিতি = ১,০৩,৩৮,২৩১/-<br>খ) সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =২৩,৯৮,৭৬৮/-<br>মোট আয় = ১,২৭,৩৬,৯৯৯/-<br><br>**জানুয়ারি ২০২২ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৪,১০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/-<br>(ঙ) অপ্রত্যাশিত খাতে ব্যয়, কৃষ্ণপুর আশ্রয়ন প্রকল্প, মেসার্স আরিফ এন্টার প্রাইজ = ২,৫১,৮৬০/-<br>চ) উপজেলা পরিষদে সিসি ক্যামেরা ক্রয় বাবদ =২২,০০০/-<br>ছ)বিজয় দিবস উদযাপন বাবদ উত্তোলন=৪০,০০০/-<br>জ) দরপত্র বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল পরিশোধ =১,৪০,১১৫/-<br>মোট ব্যয় = ১,২১,১৯,৯২৪/-<br><br>অবশিষ্ট স্থিতি =১,২১,১৯,৯২৪/- (এক কোটি একুশ লক্ষ উনিশ হাজার নয়শত চব্বিশ) টাকা। | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় জানুয়ারি ২০২২ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ-** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, কোভিড আক্রান্তের হার বর্তমানে নিম্নমুখী। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্যবিধি যথাযথ মানার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত ১ম ডোজ ৬৮% এবং ২য় ডোজ ৪১% ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত লাকসামে ৫০,০০০ জনকে ভ্যাকসিন প্রদানের টার্গেট প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৩৬০০০ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। আরো ১৪০০০ জনকে ভ্যাকসিন দিতে হবে আগামী দুই দিনের মধ্যে লক্ষ্যপূরণের জন্য। লক্ষ্যমাত্রা পূরণে সহযোগিতার জন্য সকল ইউপি সদস্য, সচিব এবং চেয়ারম্যান ও সকল কর্মচারীদের ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, আগামী ২ দিন ভ্রাম্যমান ভ্যাকসিন কার্যক্রম চলমান থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানে ২য় ডোজ ভ্যাক্সিন কার্যক্রম অব্যাহত রয়েছে। মার্চ মাসের মধ্যে ৭০% জনগণকে টিকার আওতার লক্ষ্যমাত্রা রয়েছে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার লাকসাম। |
| ৭.২ | **উপজেলা কৃষি অফিস:**<br>উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৮৭০০ হেক্টর অর্জিত হয়েছে ৮৭০৫ হেক্টর যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৫০ একর জমিতে চাষাবাদ শীঘ্রই শুরু হবে এবং তা বাস্তবায়নের জন্য গ্রুপ গঠন এবং ২০০০টি ট্রে বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>উপজেলা মাস্টার প্ল্যান অনুযায়ী উপজেলা কৃষি অফিসের এগ্রিকালচার এন্ড ট্রেনিং সেন্টার ভবন ভাঙ্গার সিদ্ধান্ত হয়। প্রতি সপ্তাহে কৃষি উপসহকারী কর্মকর্তাদের সাথে মিটিং ও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সে প্রেক্ষিতে মাস্টার প্ল্যান অনুযায়ী ভবন ভাঙ্গার কার্যক্রম সর্বশেষে করা এবং প্রশিক্ষণ রুমের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়।<br><br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের বিভিন্ন মিটিং ও প্রশিক্ষণ কার্যক্রম অন্যান্য দপ্তরের সাথে সমন্বয়ক্রমে উপজেলা পরিষদ হল রুমে চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কনডেম ঘোষণাকৃত ভবনটি মাস্টার | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | | প্ল্যান অনুযায়ী কার্যক্রম শুরু করার প্রাক্কালে ভাঙ্গার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এগ্রিকালচার এন্ড ট্রেনিং সেন্টার ভবন ভাঙ্গার বিষয়ে উপজেলা কৃষি অফিসার অনাপত্তি প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭.৩ | **উপজেলা নির্বাচন অফিসঃ**<br>উপজেলা নির্বাচন অফিসার লাকসাম বলেন, বিদেশগামী অনেক নাগরিক নতুন ভোটার হতে আবেদন করছে। তারা জন্ম-নিবন্ধনে বয়স বাড়িয়ে ভোটারের জন্য আবেদন করছে। অনেকের সার্টিফিকেট থাকা সত্ত্বেও তা গোপন করে বয়স বাড়াচ্ছে। এজন্য তিনি আরো যাচাই বাছাই জন্ম নিবন্ধন ও সংশোধন করার জন্য ইউনিয়ন চেয়ারম্যাদের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন ও সংশোধনীর ক্ষেত্রে আরো যাচাই বাছাই করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.৪ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ**<br>২০২১-২২ অর্থবছরে অক্টোবর-ডিসেম্বর মাসের বিভিন্ন ভাতাভোগীর ১৫১৭৭ জনের টাকা প্রেরণ করা হয়েছে। কেউ না পেলে সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য তিনি বলেন। আগামী মার্চের ১০ তারিখের পর গ্রাহকের মোবাইল নাম্বার পরিবর্তনের সুযোগ দেওয়া হবে। গ্রাহককে এনআইডি কার্ডের ফটোকপি নিয়ে আসতে হবে। কোন ওয়ারিশ আসলে মোবাইল নম্বর পরিবর্তন হবে না বলে তিনি জানান। গত ০১ বছরে পুরাতন ভাতাভোগীদের মধ্যে যারা মারা গেছে তাদের প্রতিস্থাপন করা যায় নাই। কেউ মারা গেলে অনলাইন মৃত্যু সনদের মাধ্যমে তা প্রতিস্থাপন করতে হয়। তাই প্রতিস্থাপনের বিষয়ে সহযোগিতার জন্য তিনি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম |
| ৭.৫ | **উপজেলা বিএডিসি অফিস (সেচ):**<br>উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) বলেন, বিএডিসি অফিস ভবন ভাঙ্গার জন্য চিঠি পেয়েছেন। এজন্য পরিষদের সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। অন্যত্র এর গোডাউন সরিয়ে নেওয়া হবে বলে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিএডিসি ভবন অন্যত্র সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট দপ্তর কনডেম ঘোষণাকৃত ভবন ভাঙ্গার বিষয়ে অনাপত্তিপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) |

| | | | |
|---|---|---|---|
| ৭.৬ | **উপজেলা প্রকৌশলী অফিস ঃ**<br><br>ক) উপজেলা পরিষদের মাস্টার প্লানের সাথে সঙ্গতি রেখে পুরাতন ও ব্যবহার অনুপোযোগী ভবন নিলামের মাধ্যমে অপসারণের জন্য জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পরিত্যক্ত ভবনসমূহের মধ্যে বিএডিসি'র মালিকানাধীন গোডাউন, কৃষি সম্প্রসারণের মালিকানাধীন কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বিআরডিবি'র মালিকানাধীন ট্রেনিং সেন্টার ও অফিস ভবন, পল্লী সঞ্চয় ব্যাংকের ভবন ও ইসলামী ফাউন্ডেশনের কার্যালয় রয়েছে। এ ভবন/স্থাপনাসমূহ অপসারণে সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি প্রয়োজন। অনাপত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণদের অনুরোধ জানানো যেতে পারে। | ক) পুরাতন ও পরিত্যক্ত ঘোষিত ভবনসমূহ অপসারণের অনাপত্তি প্রদানে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের অফিস স্পেসের সংস্থান মাস্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের বিদ্যমান ভবন অথবা নতুন ভবনে সংকুলান করা হবে। | ১।উপজেলা নির্বাহী অফিসার<br>২।দপ্তর প্রধান, সংশ্লিষ্ট দপ্তর |
| | খ) লাকসাম উপজেলাধীন যে সকল ইউনিয়ন পরিষদ ভবনের মেরামত প্রয়োজন তার চাহিদা ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ নির্দেশিকা, ২০২১ অনুযায়ী প্রেরণের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে নির্দেশিকা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণদের অনুরোধ করা হলো। | খ) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ নির্দেশিকা, ২০২১ অনুযায়ী প্রেরণ করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।উপজেলা প্রকৌশলী<br>৩।চেয়ারম্যান, সকল ইউপি |
| | গ) লাকসাম পূর্ব ইউনিয়নের সীমানা এলাকায় নরপাটি-যোগীপাড়া সড়কের উন্নয়ন কাজ অতি সম্প্রতি সম্পন্ন হয়েছে। উক্ত সড়ক কেটে নরপাটি (যোগীপাড়া) এলাকার বাসিন্দা জনাব মোঃ রুস্তম আলী সেচ পাইপ স্থাপন করেছে। রাস্তা সমতলে পাইপ বসানোর কারণে সড়ক ক্ষতিগ্রস্থ হয়ে যান চলাচল ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। সরকারি সম্পদ ক্ষতিগ্রস্থ করায় জনাব মোঃ রুস্তম আলী বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। | গ) রাস্তাটি পূর্বের অবস্থায় ফেরত আনার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর জন্য নোটিশ ইস্যু করতে হবে। প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।উপজেলা প্রকৌশলী<br>৩।চেয়ারম্যান, লাকসামপূর্ব, ইউপি |
| | ঘ) উপজেলা পরিষদ চত্বরে নির্ধারিত ডিজাইনের সুবর্ণজয়ন্তী সৌধ নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদের মাস্টার প্লান বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | ঘ) উপজেলা পরিষদের মাস্টার প্লান বাস্তবায়নাধীন রয়েছে। মাস্টার প্লান অনুযায়ী পরিষদ চত্বরে জাতির পিতার ম্যুরাল নির্মাণ করা হবে। ম্যুরাল নির্মাণকালে ম্যুরালের সাথে সামঞ্জস্য রেখে ভবিষ্যতে সুবর্ণজয়ন্তী সৌধ নির্মাণ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।উপজেলা প্রকৌশলী |
| | ঙ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (রাজস্ব হতে উন্নয়ন তহবিলে স্থানান্তরিতসহ) ও উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিলের অর্থায়নে চলতি অর্থবছরে ২২টি প্যাকেজে ইজিপি ওয়েব পোর্টালের মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র উন্মুক্তকরণ কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটি'র সদস্যগণদের সম্মানী প্রদানের জন্য পিপিআর বিধি ৭(২) ও ৮(১৫) তে নির্দেশনা রয়েছে। আলোচ্য ২০টি প্যাকেজের দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সদস্যগণ সম্মানী বাবদ মোট ৭০,০০০.০০টাকা পাওনা হয়েছেন। সম্মানী প্রদানের বিষয়ে অদ্যকার সভায় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | ঙ) দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি'র সদস্যগণদের সুষ্ঠভাবে কাজ সম্পাদনে উৎসাহ প্রদানের জন্য পিপিআর বিধি ৭(২) ও ৮(১৫) অনুযায়ী সম্মানী বাবদ রাজস্ব খাত হতে ৭০,০০০.০০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ৭.৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২য় ডোজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদসমূহে এসি থাকায় তা সহজ হয়েছে। আগামী ২৮/০২/২০২২ তারিখে ২য় ডোজ টিকা কার্যক্রম শেষ হবে বলে তিনি জানান। এছাড়া আগামী ২৭ ও ২৮ ফেব্রুয়ারি স্কুল ও মদ্রাসায় ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম |
| ৭.৮ | **উপজেলা বিআরডিবি অফিস :**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম জানান, চলতি মাসে ১১,৭০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় করা হয় ৫,১৯০০০/-। শেয়ার আদায় করা হয় ৮০০০টাকা এবং সঞ্চয় আদায় করা হয় ৩৭,০০০ টাকা। ৩০ জন সদস্যকে একদিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪০ জন সদস্যকে ০৩ দিনব্যাপী অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় পল্লী উন্নয়ন পদক ২০২১ এর জন্য ১০টি ক্যাটাগরিতে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আগামী ০২/০৩/২০২২ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করতে পারবে। বিআরডিবি অফিসে আবেদন ফরম পাওয়া যাবে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিআরডিবি অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |
| | খ) বিআরডিবি দুটি ভবনের যে নিলাম মূল্য নির্ধারণ করা হয়েছে সেই পরিমান টাকা বিআরডিবির হিসাবে জমা করার অনুরোধ জানান। তাছাড়া সমপরিমান জায়গাসহ বিআরডিবি অফিসকে স্থানান্তরের জন্য পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | খ)বিস্তারিত আলোচনান্তে বিআরডিবির নিলামের টাকা বিআরডিবির কোডে জমা করার ক্ষেত্রে কোন নীতিমালা থাকলে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিআরডিবি অফিস ভাঙ্গা হলে ভবিষ্যতে বিদ্যমান উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিষদ ভবনে সমপরিমান জায়গায় স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিআরডিবি অফিসার উক্ত কনডেমকৃত অফিস ও প্রশিক্ষণ কক্ষ ভাঙ্গার বিষয়ে অনাপত্তিপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৯ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক লাকসাম জানান, তার দপ্তর ভাঙ্গা পড়লে কোথায় স্থানান্তর করা হবে জানতে চান। এছাড়া নতুন কোন জায়গায় ব্যবস্থা করা ছাড়া যেন ভবন ভাঙ্গা না হয় সেজন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। বর্তমানে ৪টি কক্ষে আমাদের কার্যক্রম চলমান রয়েছে। নতুন ভবনে স্থানান্তর করা হলে যেন সমপরিমান কক্ষ এবং জায়গায় স্থানান্তর করা হয় এজন্য উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের নিচতলায় সমপরিমান কক্ষ দিয়ে পল্লী সঞ্চয় ব্যাংককে স্থানান্তর করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বিদ্যমান কনডেম ভবনটি ভাঙ্গার বিষয়ে ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংকে অনাপত্তিপত্র প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, লাকসাম |
| ৭.১০ | **উপজেলা প্রাণী সম্পদ অফিস:**<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম বলেন, আগামী ২৭/০২/২০২২তারিখ রবিবার উপজেলা পরিষদ চত্বরে প্রাণী সম্পদ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। সকলকে অংশগ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণী সম্পদ প্রদর্শণীর মেলা যথাযথভাবে আয়োজন করার জন্য উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসামকে বলা হলো। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.১১ | **ইসলামিক ফাউন্ডেশন:**<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন লাকসাম বলেন, বর্তমানে ইসলামিক ফাউন্ডেশন ভবন ভাঙ্গা হলে পরিষদের বাইরে সুবিধাজনক স্থানে কক্ষ ভাড়া নিয়ে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনা করা হবে বলে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইসলামিক ফাউন্ডেশন ভবন ভাঙ্গার বিষয়ে ফিল্ড সুপারভাইজার অনাপত্তিপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক, ফাউন্ডেশন |
| ৭.১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লাকসাম বলেন,পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় লাকসাম উপজেলার গোবিন্দপুর ইউনিয়নের ইছাপুরা গ্রামে এবং সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কান্দিরপাড় ইউনিয়নের ইরুয়াইন গ্রামে পাইপড ওয়াটার স্কিমের আওতায় পাইপলাইনের মাধ্যমে ৩০০ টি করে পরিবারের মধ্যে নিরাপদ পানি সরবরাহের জন্য উৎপাদক নলকূপ ও উচ্চ জলাধার নির্মাণের জন্য ০৫ শতক খাস জমি প্রয়োজন। এ ব্যাপারে তিনি পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সহকারী কমিশনার (ভূমি) এর সাথে যোগাযোগক্রমে চাহিত খাস ভূমি ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), লাকসাম<br>২। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭.১৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকার বিপরীতে ১০টি, ৫৬.৯৯৪৫ মে:টন চাউলের বিপরীতে ৯টি এবং ৫৬.৯৯৪৫ মে:টন গমের বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের ৮০% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | ক) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে ১৪ টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন চাউলের বিপরীতে ০৮টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন গমের বিপরীতে গৃহীত ০৮টি প্রকল্পের ৮০% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | খ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৭০%কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | গ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ২৪,৭৮,৮৩৩/- টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৭০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | ঘ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঙ) ২০২১-২০২২ অর্থ বছরে অতি-দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি-১ম পর্যায়ের জন্য ৭২৫টি শ্রমিক কার্ডের বিপরীতে ১,১৬,২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ০৮টি ইউনিয়নে ১,১৬,২০,০০০/-টাকার বিপরীতে গৃহীত ২৮টি প্রকল্পের কাজ বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইতোমধ্যে ৪৫% সম্পন্ন হয়েছে। | (ঙ) প্রকল্পের কাজের জন্য শ্রমিকের কাজের টাকা বিকাশ একাউন্টের মাধ্যমে দিতে গিয়ে মাস্টাররোল যাচাই-বাছাইকালে কিছু ত্রুটি পরিলক্ষিত হয়। উক্ত ত্রুটিসমূহ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে সংশোধন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | চ) ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ০১টি ব্রীজ নির্মাণ কাজের জন্য ৮৫,০২,৭২৭/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। কার্যাদেশ প্রদান করা হয়েছে। | (চ) ব্রীজ নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান |
| | ছ) ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন এন্ড (এইচবিবি) করণ ২য় পর্যায় প্রকল্পের কাজ চলমান। ইতোমধ্যে ৪৫% সম্পন্ন হয়েছে। | ছ) হেরিং বোন এন্ড (এইচবিবি) করণ ২য় পর্যায় প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানানো হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **মুদাফরগঞ্জ দঃ ইউপি সংক্রান্ত ঃ** চেয়ারম্যান মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন ১% থেকে ইউনিয়ন পরিষদে এসি স্থাপন করা হয়েছে এর বিল পরিষদের জন্য তিনি বলেন। এছাড়া কাঁগৈয়া ব্রীজ এবং ফুলহরার একটি রাস্তার কাজের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চান। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী মার্চ মাসের ২য় সপ্তাহে রাস্তার কাজ এবং ব্রীজের টেন্ডার হবে বলে জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম<br>২। চেয়ারম্যান মুদাফরগঞ্জ দঃ ইউনিয়ন পরিষদ |
| ৮.২ | **লাকসামপূর্ব ইউপি সংক্রান্ত ঃ**<br>বিভিন্ন রাস্তাঘাট টেন্ডার প্রক্রিয়া কেন বিলম্ব হচ্ছে বা কবে নাগাদ হবে তা জানতে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মার্চ মাসের মধ্যে সবগুলোর টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে বলে জানানো হয়। | ১। চেয়ারম্যান, লাকসামপূর্ব ইউনিয়ন পরিষদ |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম:**<br>মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম বলেন, দুইটি আয়রন ব্রিজের কাজ আগামীকাল শুরু হবে। ব্রিজগুলো দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য আমরা চেষ্টা করছি। এছাড়া পৌরসভার ১৫,০০০ টিকার লক্ষ্যমাত্রার মধ্যে আমরা ১১০০০ টিকা দিয়েছি। আগামী দুই দিনে লক্ষ্যমাত্রা পূরণ হবে বলে তিনি জানান। এছাড়া সমাজসেবা অফিসে যারা ভাতার টাকা পায়নি তাদের তালিকা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম পৌরসভার কার্যক্রম অব্যাহত রাখার জন্য মেয়র, লাকসাম পৌরসভাকে অনুরোধ করা হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৯.২ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্য:** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন আগামী মার্চ মাসে অনেকগুলো জাতীয় দিবস রয়েছে। সেই সাথে টিসিবি পণ্য বিক্রয়ের নতুন নির্দেশনা আসছে। পূর্বের প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের তালিকা এবং নতুন করে আরো তালিকা তৈরি করার নির্দেশনা এসেছে। সে প্রেক্ষিতে নতুন এবং পুরাতন তালিকা তৈরি করে উপকারভোগীর কার্ড তৈরি করতে হবে। কার্ড অনুযায়ী নির্দেশনা মোতাবেক টিসিবি কার্যক্রম সম্পন্ন করতে সকল ট্যাগ অফিসার এবং জনপ্রতিনিধিদের অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলায় উপকারভোগীর কার্ড তৈরি এবং টিসিবি পণ্য বিক্রির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য সকল জনপ্রতিনিধি এবং ট্যাগ অফিসারদের সমন্বিতভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ট্যাগ অফিসার, (সকল) লাকসাম<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, |
| | খ))উপজেলা পর্যায়ে এলইডি ডিসপ্লে স্থাপনে সম্মতি এবং সম্ভাব্য স্থান নির্বাচনপূর্বক প্রেরণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়নের একটি ০৮ নভেম্বর ২০২১ তারিখের ১৬৮ নং স্মারকে একটি পত্র এসেছে। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদস্থ কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের একতলা ভবনের উপর এলইডি ডিসপ্লে স্থাপনে সম্মতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | (গ) উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ সরকারি হাট-বাজার ইজারা নীতিমালা মোতাবেক লাকসাম উপজেলাধীন নিম্নে তফসিল বর্ণিত ১৪টি (চৌদ্দ)টি হাট-বাজার ১৪২৯ বাংলা সনের ( ১লা বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান কুমিল্লা-নোয়াখালী আঞ্চলিক মহাসড়ক সম্প্রসারণের ফলে উত্তরদা ইউনিয়নাধীন চন্দনা বাজারে বর্তমানে বাজার বসার জায়গা না থাকায় এবং কান্দিরপাড় ইউনিয়নাধীন কামড্ডা বাজার ও বাকই দক্ষিণ ইউনিয়নাধীন কোয়ার বাজারে বর্তমানে তোহা বাজার বসার জায়গা নেই। এছাড়া উক্ত বাজারসমূহ দীর্ঘ কয়েক বছর যাবৎ ইজারা ডাক দেয়া সত্ত্বেও ইজারা হচ্ছে না এবং খাস আদায়ও হচ্ছে না বিধায় উক্ত ০৩টি বাজার ইজারা তালিকা হতে বাদ দেয়া যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | গ) সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ১৪টি হাট-বাজার ১৪২৯ বাংলা সনের (১লা বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি প্রদানসহ বিধি মোতাবেক ইজারা প্রদানের এবং চন্দনা বাজার, কামড্ডা বাজার ও কোয়ার বাজার ইজারা তালিকা হতে বাদ দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার লাকসাম, কুমিল্লা<br>২। সহকারী কমিশনার (ভূমি) লাকসাম, কুমিল্লা<br>৩। উপজেলা হাট-বাজার ইজারা প্রদান ব্যবস্থাপনা কমিটি |

**তফসিলভুক্ত হাট-বাজার**

| ক্র নং | হাট বাজারের নাম | ১৪২৯ বঙ্গাব্দের বর্ধিত সরকারী মূল্য (৬% বৃদ্ধিতে) | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ১ | বিজরা তোহা বাজার | ৪৪৮৩৫৬/- | ১৬০০/- |
| ২ | বিজরা গরু বাজার | ৩৭৩৯১৫/- | ১৪০০/- |
| ৩ | আসরা বাজার | ৩১৪৮/- | ৫০০/- |
| ৪ | মুদাফরগঞ্জ বাজার | ৪৮৬২৬৪/- | ১৬০০/- |
| ৫ | মাওলানা বাজার | ১৩৬৯০৬/- | ১০০০/- |
| ৬ | শাহির বাজার | ১০৮৫৪/- | ৫০০/- |
| ৭ | কালিয়াপুর বাজার | ১৮০৯/- | ৫০০/- |
| ৮ | শ্রীয়াং বাজার | ৩৪৯১০/- | ৫০০/- |
| ৯ | ফুলগাঁও বাজার | ২৭৭৭০/- | ৫০০/- |
| ১০ | নরপাটি বাজার | ১৫৪৯০/- | ৫০০/- |
| ১১ | জামতলী বাজার | ১২৯২১/- | ৫০০/- |
| ১২ | আজগরা বাজার | ২০০১০/- | ৫০০/- |
| ১৩ | আতাকরা বাজার | ৪১৫৫/- | ৫০০/- |
| ১৪ | ইছাপুরা বাজার | ১১৮৭২/- | ৫০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, ইকুয়াইনে ০৭টি ঘরে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য বিদ্যুৎ সংস্থাকে নির্দেশনা দেন। এছাড়া পল্লী বিদ্যুৎ এবং পিডিবি যেসব দপ্তরের কাছে বকেয়া পাওনা আছে তার তালিকা অনুযায়ী মাইকিং করার জন্য তাদের নির্দেশনা প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ সংস্থার পাওনা টাকা তালিকা অনুযায়ী মাইকিং করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | ১। নির্বাহী প্রকৌশলী বিউবো, দৌলতগঞ্জ, লাকসাম<br>২। এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-৪ লাকসাম |
| | জুলাই/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ ৩৭৫০০/-টাকা ভ্রমন বিল, ভাইস চেয়ারম্যান, ৩০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ৩০,০০০/-টাকার ভ্রমন বিল দাখিল করেছেন বলে সভাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভ্রমন বিল বাবদ ৯৭৫০০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে বিধি মোতাবেক উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২২- ১১৮

তারিখঃ ১১ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, .......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

24/2/22
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।